

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
হরিপুর, ঠাকুরগাঁও

বিষয় : উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।  
সভাপতি : জনাব এ কে এম শরীফুল হক, উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।  
সভার তারিখ ও সময় : ০৭/০৫/২০২৩ খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকা।  
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্য বৃন্দ : পরিশিষ্ট ক”

অধ্যকার সভায় সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় আলোচ্য সূচি বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য সদস্য সচিব, উপজেলা কৃষি অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

আলোচনা-১ : অত্র উপজেলার ১নং গেদুড়া ইউনিয়নের বিএডিসি সার ডিলার মেসার্স সরকার ট্রেডার্স এর স্বত্বাধিকারী মোঃ মিজানুর রহমান গত ২০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে হৃদয়ন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইস্তেকাল করায় তার ডিলারশীপের স্বত্বাধিকারী পরিবর্তন করে নমিনীর নামে করার জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত-১ : আবেদনের প্রেক্ষিতে মেসার্স সরকার ট্রেডার্সের স্বত্বাধিকারী পরিবর্তন করে নমিনী মোছাঃ সাবিনা ইয়াসমিন বেবির নামে করার আবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সার ও বীজ মনিটরিং প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২ : গত ১০/০৪/২০২৩ খ্রিঃ তারিখ হতে সকল রাসায়নিক সারের দাম সরকারিভাবে বৃদ্ধি হওয়ায়, সকল বিসিআইসি ও বিএডিসি ডিলারগণের দোকানে পরিবর্তিত দামে লালসালু কাপড় টাঙ্গানোর বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-২ : সকল বিসিআইসি ও বিএডিসি ডিলারগণের দোকানে পরিবর্তিত দামে লালসালু কাপড় টাঙ্গানোর সিদ্ধান্ত গ্রহীত হয়।

আলোচনা-৩ : যেহেতু রাসায়নিক সার দাহ্য পদার্থ। সেক্ষেত্রে বর্তমান পরিস্থিতিতে অতিরিক্ত তাপমাত্রায় কোন প্রকার অনাকাঙ্ক্ষিত ঘটনা এড়ানোর জন্য প্রতিটি গোড়াউনে অগ্নিনির্বাবক সিলিন্ডার থাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৩ : সকল বিসিআইসি ও বিএডিসি ডিলারগণের দোকানে নিজ দায়িত্বে অগ্নিনির্বাবক সিলিন্ডার ও সরঞ্জামাদি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৪ : রাসায়নিক সার বিতরণের সুবিধার্থে বিসিআইসি ও বিএডিসি সার ডিলার মেসার্স আবুল কাশেম বর্ষা ১নং গেদুড়া ইউনিয়নের সুন্দরী মোড় বাজারে এবং মেসার্স আমিনা ট্রেডার্স ৩নং বকুয়া ইউনিয়ন এর চাবধা বাজারে অস্থায়ী বিক্রয় কেন্দ্র স্থাপনের আবেদন করেছেন।

সিদ্ধান্ত-৪ : রাসায়নিক সার বিতরণের সুবিধার্থে বিসিআইসি ও বিএডিসি ডিলার মেসার্স আবুল কাশেম বর্ষা ১নং গেদুড়া ইউনিয়নের সুন্দরী মোড় বাজারে ১ টি এবং মেসার্স আমিনা ট্রেডার্স ৩নং বকুয়া ইউনিয়ন এর চাবধা বাজারে ১ টি অস্থায়ী বিক্রয় কেন্দ্র স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ বিষয় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
এ কে এম শরীফুল হক  
সভাপতি

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি  
ও  
উপজেলা নির্বাহী অফিসার  
হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং ১২.১৮.৯৪৫১.০৪১.১৬.০৫৬.১৪- ৬২৬ (৫)

তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ২। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঠাকুরগাঁও।
- ৪। মেসার্স এলকে ব্রাদার্স, প্রোঃ মোঃ আঃ খালেক মিয়া, বনগাঁও বাজার, গেদুড়া, হরিপুর।
- ৫। অফিস নথি।

  
সদস্য সচিব  
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

ও  
উপজেলা কৃষি অফিসার  
হরিপুর, ঠাকুরগাঁও